# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো যখন সে তার অন্য কোন ভাইয়ের জন্য দু‘আ করবে, তখন সে প্রথমে নিজেকে দিয়ে শুরু করবে

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمَرْءَ إِذَا أَرَادَ أَنْ يَدْعُوَ لِأَخِيهِ الْمُسْلِمِ يَجِبُ أَنْ يَبْدَأَ بِنَفْسِهِ ثُمَّ بِهِ

---

আরবী

984 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ حَدَّثَنَا غَسَّانُ بْنُ عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ الْعَدَنِيُّ حَدَّثَنَا حَمْزَةُ الزَّيَّاتُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا ذَكَرَ أَحَداً مِنَ الْأَنْبِيَاءِ بَدَأَ بِنَفْسِهِ وَإِنَّهُ قَالَ ذَاتَ يَوْمٍ: (رَحْمَةُ اللَّهِ عَلَيْنَا وَعَلَى مُوسَى لَوْ صَبَرَ مَعَ صَاحِبِهِ لَرَأَى الْعَجَبَ الْأَعَاجِيبَ وَلَكِنَّهُ قَالَ: {إِنْ سَأَلْتُكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تصاحبني}
[الكهف: 76]

الراوي : أُبَيّ بْن كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 984 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৯৮৪. উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোন নবীর কথা স্মরণ করতেন, তখন তিনি নিজেকে দিয়ে শুরু করতেন। তিনি একবার বলেন, “আল্লাহর রহমত বর্ষিত হোক আমাদের উপর এবং মুসা আলাইহিস সালামের উপর, যদি তিনি ধৈর্যধারণ করতেন, তবে অবশ্যই  তিনি বিস্ময়কর জিনিস দেখতে পেতেন। কিন্তু তিনি বলেছেন, إِنْ سَأَلْتُكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تصاحبني (যদি আমি আপনাকে এরপর আর কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করি, তবে আপনি আমাকে আর সাথে নিবেন না।) (সূরা কাহফ: ৭৬।)[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৩৯৮৪; সহীহ মুসলিম: ২৩৮০; সহীহ বুখারী: ১২২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২২৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89489

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন